

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা ।

এফই সার্কুলার নং-০১

পৌষ ২৫, ১৪২০

তারিখঃ \_\_\_\_\_

জানুয়ারি ০৮, ২০১৪

বৈদেশিক মুদ্রায় লেনদেনের  
সকল অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়গণ,

চিটি'র মাধ্যমে অগ্রিম প্রত্যাবাসিত রঞ্জানি আয়ের বিপরীতে  
রঞ্জানিমূখী দেশীয় বস্ত্রখাতে নগদ সহায়তা প্রদান প্রসংগে ।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ০৯, তারিখ ০৫/০৩/২০০১ ও এতদ্বিষয়ে পরবর্তীতে জারিকৃত এফই সার্কুলার/সার্কুলার পত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী রঞ্জানিমূখী দেশীয় বস্ত্রখাতের ওভেন, নিটিং ও টেরি টাওয়েল এর জন্য প্রচলিত ডকুমেন্টারী কালেকশনের পাশাপাশি চিটি'র মাধ্যমে অগ্রিম প্রত্যাবাসিত রঞ্জানি আয়ের বিপরীতে নিম্নোক্ত শর্তাবলী পরিপালন সাপেক্ষে নগদ সহায়তা প্রদেয় হবে :

(ক) বিদ্যমান বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থায় রঞ্জানির নিমিত্তে প্রাপ্ত রঞ্জানি ঝণপত্রের বিলম্বে মূল্য পরিশোধ ব্যবস্থায় অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঝণপত্র স্থাপন করা হয়ে থাকে এবং প্রত্যাবাসিত রঞ্জানি মূল্য থেকে অভ্যন্তরীণ সরবরাহের দায় পরিশোধ করা হয়। চিটি'র মাধ্যমে অগ্রিম রঞ্জানি মূল্য প্রাপ্তির ক্ষেত্রে বিলম্বে মূল্য পরিশোধ ব্যবস্থায় অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঝণপত্র স্থাপনের প্রয়োজন হবে না বিধায় সাইট ভিত্তিক অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঝণপত্রের মাধ্যমে হানীয়ভাবে উপকরণাদি সংগ্রহ এবং প্রত্যক্ষ রঞ্জানিকারক কর্তৃক প্রাপ্ত অগ্রিম মূল্য দ্বারা উক্ত দায় নিস্পত্তি করা যাবে। উপকরণাদি সংগ্রহের জন্য স্থাপিত সাইট ভিত্তিক অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঝণপত্রে নগদ সহায়তার প্রাপক পক্ষের নাম উল্লেখ থাকতে হবে।

(খ) চিটি'র মাধ্যমে অগ্রিম রঞ্জানি মূল্য পরিশোধের শর্তযুক্ত ঝণপত্র/চুক্তিপত্রের বিপরীতে রঞ্জানির ক্ষেত্রে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা, মূল্যের সঠিকতা এবং বাংলাদেশ থেকে প্রকৃত রঞ্জানির নিমিত্তে অগ্রিম মূল্য প্রত্যাবাসন সম্পর্কে চিটি বার্তার ভাষ্য ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে নিশ্চিত হতে হবে।

(গ) চিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধের শর্তটি ঝণপত্র/চুক্তিপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে। রঞ্জানি পণ্যের সঠিক মূল্য ও পরিমাণ এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কে অগ্রিম মূল্যের প্রাপক প্রত্যক্ষ রঞ্জানিকারকের সংশ্লিষ্ট এসোসিয়েশন কর্তৃক প্রত্যায়িত হতে হবে।

(ঘ) চিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধ সরাসারি ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে (এক্রেচেঞ্জ হাউস ব্যতীত) রঞ্জানি আদেশ প্রদানকারী বা আমদানিকারক কর্তৃক সম্পন্ন হতে হবে এবং চিটি বার্তার ভাষ্যে আমদানি সংশ্লিষ্ট তথ্যসূত্র উল্লেখ থাকতে হবে।

০৩। বস্ত্রখাতে নগদ সহায়তা পরিশোধের ক্ষেত্রে আলোচ্য সুবিধাটি সার্কুলার জারীর তারিখ বা তার পরবর্তী সময়ে জাহাজীকৃত পণ্য রঞ্জানির বিপরীতে প্রযোজ্য হবে।

বস্ত্রখাতে নগদ সহায়তা পরিশোধের বিষয়ে জারিকৃত সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের প্রযোজ্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জহিরুল হক)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫১২৬০৮